



## ঢাকা আহুছানিয়া মিশন শ্রেষ্ঠ কর্মসম্পাদনা পুরস্কার-২০১৩-এ ভূষিত জনাব স. ম. রফিকুল ইসলাম

ঢাকা আহুছানিয়া মিশনের শ্রেষ্ঠ কর্মসম্পাদনা পুরস্কার-২০১৩ এ ভূষিত হয়েছেন মিশনের মাইক্রোফিন্যান্স কর্মসূচিতে কর্মরত Admin & Logistic Officer জনাব স. ম. রফিকুল ইসলাম।

জনাব স. ম. রফিকুল ইসলাম ১৯৭৩ সালের ৩০ জানুয়ারী সাতক্ষীরা জেলার কালিগঞ্জ উপজেলার পানিয়া গ্রামে জন্ম গ্রহণ করেন। জনাব মোঃ ফেরদৌস সরদার ও লুৎফুননেছা বেগম-এর প্রথম সন্তান তিনি। মিশন প্রতিষ্ঠাতার জন্মস্থান কালিগঞ্জে জন্মগ্রহণের সুবাদে শৈশব থেকেই হজরত খানবাহাদুর আহুছানউল্লা (রঃ) এর অনুসারীদের কাছ থেকে প্রতিষ্ঠাতার বিভিন্ন কীর্তি শুনে তার আদর্শে উদ্বুদ্ধ হন। এরই ধারাবাহিকতায় ১৯৯৫ সালের অক্টোবর মাসে স্নাতক পরীক্ষা শেষ করে ছাত্রাবস্থায়ই ঢাকা আহুছানিয়া মিশনের ইন্টিগ্রেটেড প্রকল্পে রাত্রিকালীন স্কুল শিক্ষক হিসেবে মাসিক ৮০০ টাকা বেতনে নিয়োগ প্রাপ্ত হন। উক্ত প্রকল্পে মৌলিক প্রশিক্ষণ শেষে ব্যবস্থাপনার দৃষ্টি আকর্ষণের ফল হিসেবে তাঁকে একই প্রকল্পে সুপারভাইজার হিসেবে দায়িত্ব প্রদান করা হয়। এভাবেই মিশনে কর্মজীবন শুরু করেন স. ম. রফিকুল ইসলাম। চাকুরির পাশাপাশি তিনি উচ্চ শিক্ষা গ্রহণ অব্যাহত রাখেন এবং ২০০১ সালে জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে সমাজকল্যাণ বিষয়ে মেধাতালিকায় থেকে স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন।

মিশনে ১৮ বছরের সুদীর্ঘ ক্যারিয়ারে শিক্ষা প্রকল্প থেকে শুরু করে বিভিন্ন প্রকল্পে নানামুখি দায়িত্ব পালন করেন স. ম. রফিকুল ইসলাম। তাঁর কর্মজীবনে ২০০২ সাল থেকে ২০০৮ সাল পর্যন্ত মিশনের এইচআইডি এইডস সেলের দায়িত্ব পালন ছিল সবচেয়ে উল্লেখযোগ্য। কারণ ২০০২ সালে বেনাপোলে নিজস্ব অর্থায়নে একটি প্রকল্প বাস্তবায়নের মধ্য দিয়ে মিশন সর্বপ্রথম এইচআইডি এইডস বিষয়ক কার্যক্রম বাস্তবায়ন শুরু করে। শুরু থেকেই এই সেলের কর্মসূচি বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত হন স. ম. রফিকুল ইসলাম। দায়িত্ব প্রাপ্তির পর কর্মসূচির গোড়াপত্তন, নেটওয়ার্ক তৈরী থেকে শুরু করে দাতা সংস্থাদের সাথে সম্পর্ক তৈরীর মাধ্যমে দেশে এবং বিদেশে মিশনের সুনাম ও পরিচিতি তুলে ধরতে বিশেষ অবদান রাখেন তিনি। এ কর্মসূচিতে দায়িত্ব পালনকালে দেশে এবং বিদেশে, বিশেষ করে ইন্দোনেশিয়া এবং থাইল্যান্ড এর চিয়াংমাই ইউনিভার্সিটি থেকে এইচআইডি এইডস বিষয়ক উচ্চতর প্রশিক্ষণ গ্রহণ করার মাধ্যমে মিশনে এইচআইডি এইডস বিষয়ক একজন Expert Resource হিসেবে Develop হন তিনি। এছাড়াও ২০০০ সালের বন্যায়, ২০০৭ সালে সিডর, ২০০৯ সালে আইলা এবং সর্বশেষ ২০১১ সালের সাতক্ষীরায় বন্যায় ক্ষতিগ্রস্তদের জন্য মিশন পরিচালিত ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রমে তিনি কর্মএলাকায় অবস্থান করে উল্লেখযোগ্য দায়িত্ব পালন করেন।

পরবর্তীতে এইচআইডি এইডস বিষয়ক কার্যক্রমসমূহ ভিন্ন ব্যবস্থাপনায় আমিক ইনস্টিটিউটের আওতায় চলে গেলে ২০০৮ সালে তিনি মিশনের মাইক্রোফিন্যান্স কর্মসূচিতে Assistant Admin & Logistic Officer হিসেবে বদলী প্রাপ্ত হন এবং সর্বশেষ ০১/১১/২০১১ইং তারিখ তিনি Admin & Logistic Officer পদে পদোন্নতি পান। বর্তমানে তিনি মাইক্রোফিন্যান্স কর্মসূচিতে Admin & Logistic Officer পদে কর্মরত আছেন এবং উক্ত কর্মসূচিতে প্রশাসন ও মানব সম্পদ ইউনিটে অত্যন্ত দক্ষতা ও সুচালুরূপে দায়িত্ব সম্পন্ন করে যাচ্ছেন।

এ বৎসর মিশনের শ্রেষ্ঠ কর্মসম্পাদনা পুরস্কার ২০১৩ তে ভূষিত স. ম. রফিকুল ইসলাম যোগদানের পর থেকে মিশনের এ যাবৎকালে যত ধরনের বড় বড় ইভেন্ট বাস্তবায়ন করা হয়েছে, তিনি প্রায় সবগুলোতেই অংশগ্রহণ করে ইভেন্ট ম্যানেজমেন্টে বিশেষ ভূমিকা রেখেছেন। বিগত ২০১২-২০১৩ অর্থ-বছরে তিনি মিশনের বড় ধরনের কয়েকটি ইভেন্ট বাস্তবায়নে উল্লেখযোগ্য ভূমিকা রাখেন। যারমধ্যে উল্লেখযোগ্য হলো Program Division Annual Conference (PDAC) ২০১২ বাস্তবায়নে অর্গানাইজার দলের একজন অন্যতম সদস্য হিসেবে দায়িত্ব সুষ্ঠুভাবে পালন করা, মিশনের ৫৫ বছরপূর্তী উদযাপন অনুষ্ঠানে মাইক্রোফিন্যান্স কর্মসূচির পক্ষে এবং পিকেএসএফ কর্তৃক উন্নয়নমেলা ২০১৩ উদযাপন অনুষ্ঠানে মিশনের স্টল পরিচালনা। এই ইভেন্টগুলো দেশের এবং দেশের বাইরের প্রতিনিধিরা পরিদর্শন করেছেন, ফলে তাদের কাছে প্রতিষ্ঠানের ভাবমূর্তি তুলে ধরার পাশাপাশি মিশনের পরিচিতি বৃদ্ধিতে ভূমিকা রেখেছে। এছাড়াও তিনি চাঁদ সুলতানা স্বাক্ষরতা পুরস্কার প্রদান কমিটিতেও একজন সক্রিয় সদস্য হিসেবে কাজ করছেন।

তাঁর অন্যতম গুণাবলী হলো তিনি সৎ এবং কর্মঠ। তিনি তাঁর সততা ও কর্মযোগ্যতার প্রমাণ দিয়ে দীর্ঘদিন যাবৎ মিশনে কাজ করে যাচ্ছেন। কোন কাজকে চ্যালেঞ্জ হিসেবে গ্রহণ করে তা অত্যন্ত বুদ্ধিমত্তার সাথে বাস্তবায়ন করা তার চরিত্রের অন্যতম বিশেষ গুণ। তিনি সদালাপী, একজন কর্মী হিসাবে সকলের কাছে গ্রহণযোগ্যতা লাভ করেছেন। তাঁর মিশনে সুদীর্ঘ ১৮ বছর কর্ম জীবনে নিরলস পরিশ্রম ও দায়িত্ব গ্রহণের প্রবণতা ইতিবাচক।

মিশনের কর্মকাণ্ডে দক্ষতা উন্নয়ন, কর্মসূচির মাধ্যমে মিশনের আন্তর্জাতিক সুনাম বৃদ্ধি, দাতা সংস্থার সমর্থন সৃষ্টি এবং দেশের দূরবর্তী গ্রামাঞ্চলে মিশনের পরিচিতি তুলে ধরা ও মিশনের ক্রমাগত উন্নয়ন ও প্রসার নিশ্চিতকরণের মাধ্যমে মিশনের উন্নয়নে বিভিন্নমুখী ভূমিকার জন্য মিশনের Admin & Logistic Officer স. ম. রফিকুল ইসলামকে মিশনের শ্রেষ্ঠ কর্মসম্পাদনা পুরস্কার-২০১৩ তে ভূষিত করা হচ্ছে।